

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪ বি, আগারগাঁও, প্র/এ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.১৭-০১

তারিখঃ ০১/০১/২০১৮খ্রিঃ

বিষয়ঃ নরসিংদী জেলার বেলাব উপজেলাধীন চিতাইন দাখিল মাদ্রাসা-এর এসএসসি(ভোকেশনাল) শাখার ০২ জন ট্রেড ইন্সট্রাক্টরের জাল/টেম্পারিং কাগজপত্র প্রেরণ প্রসঙ্গে।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.১০৭১ তারিখঃ ২১/১১/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলার বেলাব উপজেলাধীন চিতাইন দাখিল মাদ্রাসা-এর এসএসসি (ভোকেশনাল) শাখার ০২ জন ট্রেড ইন্সট্রাক্টর(জেনারেল মেকানিক্স) জনাব ফরিদ মিয়া এবং জনাব মোহাম্মদ কামরুজ্জামান এর এমপিও ভুক্তির জন্য যে টেবুলেশন শীট দাখিল করেছেন তার সাথে পূর্বের প্রেরিত টেবুলেশন শীটের গড়মিল থাকায় প্রতিষ্ঠান প্রধানের নিকট উপযুক্ত প্রমানকসহ ব্যাখ্যা চাওয়া হয়।

পরবর্তীতে সময়ে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ডকেট নং-১৩৩৮/১৭ তারিখঃ ০৬/১২/২০১৭খ্রিঃ মোতাবেক প্রতিষ্ঠান প্রধান জবাব প্রেরণ করেন। জনাব সন্তোষজনক নয় বিধায় নিম্ন বর্ণিত কাগজপত্রাদির সঠিকতা যাচাই করা প্রয়োজনঃ

- ক) নিয়োগ সংক্রান্ত মূল রেজুলেশন বহি।
- খ) নিয়োগ ও যোগদান পত্র।
- গ) মূল টেবুলেশন সীট।
- ঘ) মূল পত্রিকা (০১টি জাতীয় ও ০১টি স্থানীয় পত্রিকা)।
- ঙ) বাকাশিবো কর্তৃক হালনাগাদ এ্যাফিলিয়েশন ফি জমাদানের কপি ও স্বীকৃতি নবায়নের কপি।
- চ) সর্বশেষ ০৩ বছরের অনলাইন এসএসসি (ভোকেশনাল) শাখার রেজাল্ট শীট।
- ছ) নিয়োগ-কালীন এবং হালনাগাদ ম্যানেজিং কমিটির মেয়াদ সংক্রান্ত প্রমানক।
- জ) এমপিও আদেশ।

এমতাবস্থায়, বর্ণিত কাগজপত্রাদি এবং উহার ০১(এক)সেট সত্যায়িত ফটোকপিসহ আপনাকে আগামী ১০/০১/২০১৮খ্রিঃ তারিখে সকাল ১১:০০ ঘটিকায় স্বশরীরে এই অধিদপ্তরে উপস্থিত হয়ে শুনানীতে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হল।

সুপারিনটেনডেন্ট
চিতাইন দাখিল মাদ্রাসা
বেলাব, নরসিংদী।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.১৭-০১(৭)

তারিখঃ ০১/০১/২০১৮খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। জেলা প্রশাসক, নরসিংদী।
- ২। উপসচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।
- ৪। সভাপতি, চিতাইন দাখিল মাদ্রাসা, বেলাব, নরসিংদী (উক্ত বিষয়টি তাঁর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল)।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।
- ৬। পি.এ. টু-মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সংরক্ষণ নথি।

স্বাক্ষরিত/-
(ড. মোঃ নুরুল ইসলাম)
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

(মোঃ জহুরুল ইসলাম)
সহকারী পরিচালক (এমপিও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।